জীবননগরে পুলিশের অভিযানে সাবেক চেয়ারম্যান আটক

জীবননগর থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে জীবননগর থানা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি ও উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আটক করেছে পুলিশ।

গতকাল শুক্রবার দিবাগত রাতে গোপন তথ্যের ভিত্তিতে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে জীবননগর থানার এসআই(নি:) মোঃ সিরাজুল ইসলাম, সঙ্গীয় অফিসার ফোর্সসহ উথলী ইউনিয়নে বিশেষ অভিযান পরিচালনা করে রাত ০৩.৪৫ শের সময় জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সেনের হুদা এলাকা থেকে সেনেরহুদা গ্রামের মৃত আফসার আলীর ছেলে উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জীবননগর উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আবুল কালামকে(৫৮) আটক করে পুলিশ। যার জীবননগর থানার মামলা নং ২৬।

দামুড়হুদায় জাতীয় সংবিধান দিবস অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় সংবিধান দিবস অনুষ্ঠিত হয়েছে। “বঙ্গবন্ধুর ভাবনা সংবিধানের বর্ণনা, এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ শনিবার বেলা ১২ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের চত্বরে সংবিধান দিবস অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী

ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমবায় কর্মকর্তা হারুন অর রশিদ।

মৌলভীবাজার ও হবিগঞ্জে নিয়োগ দেবে কারিতাস বাংলাদেশ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা কারিতাস বাংলাদেশ। প্রতিষ্ঠানটিতে ক্রেডিট অফিসার (সিএমএফপি) পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

ক্রেডিট অফিসার (সিএমএফপি)।

শিক্ষাগত যোগ্যতা

প্রার্থীকে কমপক্ষে এইচএসসি পাস। তবে স্নাতক পাস প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স ২২ থেকে ৩৫ বছর। গ্রাম/ প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। মাঠ পর্যায়ে ক্ষুদ্র ঋণ কার্যক্রমে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। কর্ম এলাকায় বাই-সাইকেল চালানো বাধ্যতামূলক।

কর্মস্থল

মৌলভীবাজার, হবিগঞ্জ।

বেতন

১৫,০০০/- (মাসিক)।

শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ১৫,০০০/- (পনের হাজার) টাকা।

আবেদনের প্রক্রিয়া

আবেদনের পূর্বে পড়ুন

ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নাই। চাকুরিত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র সংযোজন করে আবেদন করতে হবে। প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য ও সংক্ষিপ্ত তালিকাভুক্ত (Short List) প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে।

ব্যক্তিগত যোগাযোগকারী বা কারোর মাধ্যমে সুপারিশকৃত প্রার্থীগণ অযোগ্য বলে বিবেচিত হবে।

চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের চাকুরীতে যোগদানের পূর্বে উপযুক্ত মূল্যের ‘নন-জুডিশিয়াল স্ট্যাম্পে’ প্রার্থীর এলাকার ও পরিচিত দুইজন গন্যমান্য ব্যক্তিকে ‘নির্বাচিত ব্যক্তি কর্তৃক আর্থিক অনিয়ম সৃষ্টি হলে তার দায় বহন করতে সম্মত রয়েছেন’- এ মর্মে লিখিত অঙ্গিকার প্রদান করতে হবে।

নির্বাচিত প্রার্থীকে কাজে যোগদানের পূর্বে জামানত হিসেবে ১০,০০০/-(দশ হাজার) টাকা জমা দিতে হবে, যা চাকুরি শেষে সুদসহ ফেরতযোগ্য এবং নির্বাচিত প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র কারিতাস সিলেট আঞ্চলিক অফিসে জমা রাখতে হবে।

আগ্রহী প্রার্থীকে গ্রামে-গঞ্জে অবস্থান করে দরিদ্র জনগণের সাথে কাজ করতে হবে।

ধুমপান ও নেশা দ্রব্য গ্রহণে অভ্যস্তদের আবেদন করার প্রয়োজন নাই।

এই নিয়োগ বিজ্ঞপ্তি কোনো কারণ দর্শানো ব্যতীত পরিবর্তন, স্থগিত বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

কারিতাস বাংলাদেশ সকল ব্যক্তির মর্যাদা এবং অধিকার রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ বিশেষভাবে, বিপদাপন্ন জনগোষ্ঠীর মর্যাদা ও অধিকারকে স্বীকৃতি প্রদানে সর্বদা দায়বদ্ধ থাকতে সচেষ্ট। কারিতাস বাংলাদেশের বিভিন্ন কার্যক্রমে সকল প্রকল্প অংশগ্রহণকারী, শিশু, যুবা ও প্রাপ্ত বয়স্ক বিপদাপন্ন ব্যক্তিগণের সুরক্ষা বিষয়টিকে অগ্রাধিকার দিয়েই বিভিন্ন কর্মসূচি ও কার্যক্রম পরিচালনা করতে বদ্ধপরিকর। কারিতাস বাংলাদেশ কোন কর্মী, প্রতিনিধি, অংশীদারীদের

দ্বারা শিশু ও প্রাপ্ত বয়স্ক বিপদাপন্ন ব্যক্তিগণের যেকোনো ধরণের ক্ষতি, যৌন নির্যাতন, যৌন নিপীড়ন ও শোষনমূলক কর্মকান্ড সংঘঠিত হলে তা কারিতাস বাংলাদেশের শূণ্য সহ্যসীমা নীতিমালায় (Zero Tolerance) বর্ণিত শাস্তির আওতাভুক্ত হবে।

” কারিতাস বাংলাদেশ কর্মী নিয়োগে সম-সুযোগদানে বিশ্বাসী”

*ছবি অবশ্যই আবেদনকারীর জীবনবৃত্তান্তের সাথে যুক্ত থাকতে হবে

রিজিউমি গ্রহণের উপায়

আবেদনপত্র আগামী ০৭-১১-২০২৩ খ্রিষ্টাব্দের মধ্যে নীম্ন ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাঁতে হবে।

আবেদনের ঠিকানা: আঞ্চলিক পরিচালক, কারিতাস সিলেট অঞ্চল, সুরমাগেইট, খাদিমনগর, সিলেট-৩১০৩।

ক) প্রার্থীর নাম খ) পিতা/স্বামীর নাম গ) মাতার নাম ঘ) জন্ম তারিখ ঙ) বর্তমান ঠিকানা/যোগাযোগের ঠিকানা চ) স্থায়ী ঠিকানা ছ) শিক্ষাগত যোগ্যতা জ) ধর্ম ঝ) জাতীয়তা ঞ) আত্নীয় নয় এমন দুই জন গণ্যমান্য ব্যক্তির নাম ও ঠিকানা (মোবাইল ফোন নম্বর সহ) এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখসহ সাদা কাগজে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে স্ব-হস্তে লিখিত আবেদন করতে হবে এবং আবেদনপত্রে প্রার্থীর মোবাইল ফোন নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

আবেদনপত্রের সাথে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের অনুলিপি, জাতীয় পরিচয় পত্র (NID), চারিত্রিক সনদ পত্র ও সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।

সরাসরি কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

পদের নাম খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

আবেদনের শেষ তারিখ

৭ নভেম্বর ২০২৩

সূত্র : বিডিজবস।

মুন্নীর স্বামীর সঙ্গে বুবলীর নতুন প্রেমের গুঞ্জন

চিত্রনায়িকা শবনম বুবলীর সঙ্গে প্রেমের গুঞ্জন উঠেছে গানবাংলা টেলিভিশনের কর্ণধার কৌশিক হোসেন তাপসের।

শনিবার সকাল থেকেই সামাজিক যোগাযোগমাধ্যমে এ গুঞ্জনের খবর ঘুরপাক খাচ্ছে। এর পর বিভিন্ন গণমাধ্যমেও এ সংবাদ প্রকাশিত হয়েছে।

জানা যায়, মুন্নীর স্বামী সংগীতশিল্পী তথা গানবাংলার কর্ণধার কৌশিক হোসেন তাপসের সঙ্গে প্রেম করছেন চিত্রতারকা শাকিব খানের স্ত্রী শবনম ইয়াসমিন বুবলী। নিজের ফেসবুকে স্ট্যাটাস দিয়ে বিষয়টি জানিয়েছেন তাপসের স্ত্রী ফারজানা মুন্নী। পরে মুন্নীর ফেসবুক থেকে স্ট্যাটাসটি উধাও হয়ে যায়! এর পর শুরু হয় বিভিন্ন ধরনের গুঞ্জন।

শুক্রবার মধ্যরাতে এক ফেসবুক স্ট্যাটাসে মুন্নী লেখেন— ‘তাপস ও বুবলী প্রেম করছেন। বুবলী যেভাবে অপু বিশ্বাসের সংসার ভেঙেছে, আমারটাও সেভাবে ভাঙছে। শাকিব খানকে ব্ল্যাকমেইল করে অন্তঃসত্ত্বা হয়েছেন। এখন তার লক্ষ্য তাপস। এমন যদি আমার সঙ্গে কিছু হয়ে থাকে তা হলে এর সম্পূর্ণ দায়ভার তাপস ও বুবলীর।’

স্ট্যাটাসটি এখন দেখা না গেলেও এর স্ক্রিনশট ছড়িয়ে পড়েছে নেট দুনিয়ায়। এ প্রসঙ্গে জানতে বুবলীকে ফোন দিলে কোনো সাড়া পাওয়া যায়নি। অন্যদিকে তাপসের নম্বরও বন্ধ রয়েছে।

‘গানবাংলা’র জনসংযোগ কর্মকর্তা রুদ্র হকের সঙ্গে যোগাযোগ করলে জানা যায়, ইন্ডাস্ট্রির পাওয়ার কাপল হিসেবে খ্যাত ফারজানা মুন্নি এবং কৌশিক হোসেন তাপসের সাফল্যময় অগ্রযাত্রা ও সুনামের প্রতি ঈর্ষান্বিত হয়ে কেউ বা

কোনো একটি চক্র ফারজানা মুন্নির আইডি থেকে এমন একটি স্ট্যাটাস প্রকাশ করে। যা এখনো উদ্ঘাটন করা যায়নি কে বা কারা এমনটি করেছে।

এ বিষয়ে কাজ চলছে।

সূত্র: যুগান্তর

দামুড়হুদায় কমিউনিটি পুলিশিং ডে পালিত

দামুড়হুদায় কমিউনিটি পুলিশং ডে উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০টার দিকে দিবসটি উদযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা শহরে একটি বর্ণাঢ্য র্যালি শেষে থানা চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানা ও কমিউনিটি পুলিশিং কমিটির আয়োজনে র্যালি ও আলোচনা সভায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আজিজুল হক,
হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক, দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (তদন্ত) শেখ মাহাবুবুর রহমান, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মুফতি মামুনুর রশীদ।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউপি সদস্য লিয়াকত আলী জোয়ার্দার, আব্দুল আলিম, কামরুল হাসান, হাউলী ইউপি সদস্য সহিদুল ইসলাম, আওয়ামীলীগের নেতা মোজাফফর হোসেন, সুবহান মন্ডল, সুলতান আহমেদ, সাইদুর রহমান টোকন প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা মডেল থানার উপপরিদর্শক (এসআই) শেখ তৌহিদুর রহমান।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন

দামুড়হুদায় ৫২তম জাতীয় সমবায় দিবস উদযাপন করা হয়েছে। “সমবায় গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ শনিবার সকাল ১১ টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে পরিষদ চত্বরে দিবস টি অনুষ্ঠিত হয়। দিবস টি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ উপজেলার সমবায় সমিতির বিভিন্ন ইউনিটির সভাপতি ও সাধারণ সম্পাদক ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ, সুধী সমাজের বিভিন্ন ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটির সঞ্চালনা করেন সমবায় কর্মকর্তা হারুন আর রশিদ।

ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে পালিত

“পুলিশ -জনতা ঐক্য করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি” এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে কমিউনিটি পুলিশিং ডে -২০২৪ উদযাপন করা হয়েছে।

আজ শনিবার(৪অক্টোবার) সকাল ১১টায় ঝিনাইদহ পুলিশ লাইন ময়দানে এই

উপলক্ষে আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের পুলিশ সুপার মো: আজিম- উল- আহসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আব্দুল হাই (এমপি), বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন তাহজীব আলম সিদ্দিকী সমি (এমপি), খালেদা খানম (মহিলা এমপি), ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা প্রশাসক এসএম রফিকুল ইসলাম, সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা কমিউনিটি পুলিশিং এর সভাপতি কনক কান্তি দাস, পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, সরকারি কে.সি কলেজের অধ্যক্ষ অশোক কুমার মৌলিক, সাবেক জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন।

এসময় আরও উপস্থিত ছিলেন পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন উপজেলা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ কমিউনিটি পুলিশিং এর বিভিন্ন পর্যায়ের সদস্যবৃন্দ। অনুষ্ঠান পরিচালনা করেন অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান।

বক্তারা বলেন পুলিশ জনগণের বন্ধু এবং পুলিশি জনতা জনতায় পুলিশ, এখন পুলিশকে আর মানুষ আগেরমত কেউ ভয় পায়না, বিপদে পড়লে সবাই পুলিশের সহযোগিতা নেয়, পুলিশ ছাড়া দেশ একদিনও চলতে পারে না। মানুষের নিরাপত্তা এবং রাষ্ট্রের শৃঙ্খলা রক্ষায় পুলিশের ভূমিকা অগ্রগণ্য। এছাড়াও দুর্যোগ দুর্বিপাকে পুলিশের সেবা নিয়ে থাকি। পুলিশকে আরও পেশাদারিত্বের ভূমিকা নিয়ে কাজ করার আহবান জানান।

আলোচনা শেষে ভাল কাজের স্বীকৃতি স্বরুপ শ্রেষ্ঠ কমিউনিটি পুলিশ অফিসার হিসেবে ঝিনাইদহ সদর থানার সেকেন্ড অফিসার এস আই মোঃ শরিফুল ইসলাম শরীফ কে এবং কয়েকজন কমিউনিটি পুলিশ সদস্যকে সম্মাননা প্রদান করা হয়।

আরও শক্তিশালী হলো ‘গুগল প্লে

[redacted]’

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] ‘[redacted] [redacted] [redacted]’-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

রেকর্ড গড়া সেঞ্চুরি রাচিনের

নিজের অভিষেক বিশ্বকাপে নতুন এক রেকর্ড গড়লেন রাচিন রবীন্দ্র। তরুণ এই ক্রিকেটার পাকিস্তানের বিপক্ষে সেঞ্চুরি করে করলেন অভিষেক আসরে সর্বোচ্চ সেঞ্চুরির রেকর্ড।

এদিন পাকিস্তানের বিপক্ষে টস হেরে ব্যাট করতে নামে নিউজিল্যান্ড। শুরু থেকে পাকিস্তান বোলারদের উপর চড়াও হয় কিউই ব্যাটাররা। শুরু থেকে নিজের সাবলীল ব্যাটিংয়ে ৮৮ বলে সেঞ্চুরি পূরণ করেন রবীন্দ্র।

আর এই সেঞ্চুরির মাধ্যমে বিশ্বকাপের অভিষেক আসরে সর্বোচ্চ সেঞ্চুরির রেকর্ড গড়েছেন রবীন্দ্র। এছাড়া মেগা এই টুর্নামেন্টে তার করা তৃতীয় শতক নিউজিল্যান্ড ব্যাটারদের মধ্যেও সর্বোচ্চ। এর আগে কিউইদের ৬ ব্যাটার বিশ্বকাপে দুটি করে সেঞ্চুরি করেছিলেন।

এছাড়া সবচেয়ে কম বয়সে তিন সেঞ্চুরি পেয়েছেন রবীন্দ্র। আজ তার বয়স দাঁড়িয়েছে ২৩ বছর ৩৫১ দিনে। এর আগে সর্বনিম্ন ২২ বছর ৩১৩ দিন বয়সে ভারতীয় কিংবদন্তি শচীন টেন্ডুলকার দ্বিতীয় সেঞ্চুরি করেছিলেন।

সূত্র: ইত্তেফাক

ঝিনাইদহে ১১ টি চোরাই মোটরসাইকেল সহ আটক ৩

ঝিনাইদহে ১১ টি চোরাই মোটর সাইকেল উদ্ধার করেছে পুলিশ। দক্ষিণবঙ্গের আন্ত:জেলা চোরচক্রের তিন জনকে গ্রেপ্তারের পর তাদের স্বীকারোক্তি মোতাবেক সাতক্ষীরা জেলার বিভিন্ন এলাকা থেকে চোরাই ১১ টি মোটর সাইকেল উদ্ধার করা হয়। আজ শনিবার সকালে

সংবাদ সম্মেলনের মাধ্যমে এ তথ্য নিশ্

ঝিনাইদহের পুলিশ সুপার আজিম-উল-আহসান জানান, ঝিনাইদহ শহর থেকে মোটর সাইকেল চুরির ঘটনায় গত মাসের ২২ তারিখে সদর থানায় মামলা
করা হয়। এরপর গোপন তথ্যে পরদিন সাতক্ষীরা জেলার শ্যামনগর থানা এলাকা থেকে মোটর সাইকেল চুরির দক্ষিণবঙ্গের আন্ত:জেলা চোর চক্রের মুলহোতা মোহাম্মদ আলীকে গ্রেপ্তার করা হয়। পরে তার স্বীকারোক্তিতে জড়িত আরো দু-জনকে গ্রেপ্তার করা হয়। তারা এই অঞ্চলের ১৮ টি জেলায় মোটর সাইকেল চুরির সাথে জড়িত। পরে গ্রেপ্তারকৃতদের রিমান্ডে এনে জিজ্ঞাসাবাদের পর বৃহস্পতিবার রাতে সাতক্ষীরা জেলার কালীগঞ্জ, শ্যামনগর, আশাশুনি সহ বিভিন্ন এলাকা থেকে চোরাই ১১ টি মোটর সাইকেল উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মোটর সাইকেলগুলো পর্যায়ক্রমে তাদের মালিকদের কাছে হস্তান্তর করা হবে বলে জানানো হয়।

সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) ইমরান জাকারিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) এসএম রাজু আহম্মেদ, অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল মীর আবিদুর রহমান, সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহীন উদ্দিন, এসআই ফরিদ হোসেনসহ পুলিশের উদ্ধতন কর্মকর্তারা।

গ্রেপ্তারকৃতরা হল, সাতক্ষীরা জেলার বংশিপুর গ্রামের মোহাম্মদ আলী, ভ্যাটখালী গ্রামের মনিরুজ্জামান, খুলনা জেলার চালনা গ্রামের হেলাল। মোহাম্মদ আলীর বিরুদ্ধে ঝিনাইদহ, খুলনা, মাগুরা, সাতক্ষীরা, কুষ্টিয়া সহ বিভিন্ন থানায় ১৫ টি মামলা রয়েছে।